# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

২৫ বৈশাখ ১৪৩২
তারিখঃ ----------------
০৮ মে ২০২৫

**ডিওএস সার্কুলার লেটার নং-০৭**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ সরকারি ছুটি ঘোষণা এবং ১৭ মে ২০২৫ ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার ব্যাংক খোলা রাখা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

জনপ্রশাসন মন্ত্রণালয় এর ০৭ মে ২০২৫ তারিখের প্রজ্ঞাপন নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২ এর মাধ্যমে পবিত্র ঈদ-উল-আজহা উপলক্ষে ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ বুধবার ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি ঘোষণা করায় তফসিলি ব্যাংকসমূহের সকল শাখা/উপশাখা বন্ধ থাকবে।

০২। দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার স্বাভাবিক কর্মদিবস অনুযায়ী সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ০৬:০০ ঘটিকা পর্যন্ত তফসিলি ব্যাংক খোলা থাকবে।

০৩। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ সপ্তাহে ৭ দিন ২৪ ঘন্টা চালু রাখার বিষয়ে ০৫ আগস্ট ২০১৯ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৪ মোতাবেক ০৫ জুন ২০২৫ হতে ১২ জুন ২০২৫ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম চলমান রাখার স্বার্থে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে সংশ্লিষ্ট ব্যাংকসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (ডিওএস)
ফোন ঃ ৯৫৩০০৯৩